



বাড়িতে নিরাপদে আলাদা হবার জন্য যেভাবে সংস্থানসমূহ পাবেন

NYC Test & Trace Corps COVID-19 আছে অথবা COVID-19 এ আক্রান্ত কারও সংস্পর্শে এসেছিলেন এমন যে কারোর তার বাড়িতে নিরাপদে আলাদা হওয়ার জন্য সংস্থানসমূহ যেন থাকে তা নিশ্চিত করবে। এটা করার জন্য, আমরা আপনার এলাকার এলাকা-ভিত্তিক সংগঠনসমূহের রিসোর্স নেভিগেটরদের সাথে কাজ করি। তারা আপনাকে আপনার এলাকার আশেপাশের সংস্থানসমূহের সাথে সংযুক্ত হতে সাহায্য করতে পারে।

সংস্থানসমূহের মধ্যে রয়েছে:

- + খাদ্য ডেলিভারি
- + আপনার নিয়োগকর্তার কাছ থেকে সবেতন ছুটি
- + ঔষধ
- + স্বাস্থ্য বীমা
- + ইউটিলিটিসমূহ (বিদ্যুৎ, পানি, গ্যাস)
- + একটি আনুষ্ঠানিক কোয়ারান্টাইন অর্ডার পেতে সাহায্য করা
- + একজন প্রাইমারি কেয়ার প্রোভাইডার
- + মানসিক স্বাস্থ্য সহায়তা
- + ঘরোয়া সহিংসতায় সাহায্য
- + সামাজিক পরিষেবাসমূহ
- + আবাসন এবং গৃহহীনতা সংক্রান্ত সংস্থানসমূহ
- + পোশা প্রাণীর যত্ন
- + 10 দিনের জন্য কোরেন্টাইন / বিচ্ছিন্ন থাকতে তিন সদস্যের পরিবারের জন্য পর্যাপ্ত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম সহ টেক কেয়ার প্যাকেজ।
- + এবং আরও অনেক কিছু!

আপনাকে COVID থেকে আরোগ্য লাভে সহায়তা করার জন্য সংস্থানের সাথে সংযুক্ত হওয়ার জন্য একজন রিসোর্স নেভিগেটরের সাথে যোগাযোগ করতে **212-540-6923** নম্বরে ফোন করুন। যদি আপনি অফিস চলাকালীন সময়ের বাইরে একটি ভয়েসমেইল রাখেন, তাহলে পরবর্তী কর্মদিবসে একজন রিসোর্স নেভিগেটর আপনাকে ফোন করবেন।

রিসোর্স নেভিগেটরের সাথে কথা বলা আপনার স্থায়ী আবাসনের (“গ্রিন কার্ডের”) জন্য আবেদনের ক্ষেত্রে আপনার সক্ষমতাকে প্রভাবিত করবে না। যদি আপনার ইমিগ্রেশন স্ট্যাটাস সম্পর্কে কোন প্রশ্ন থাকে, তাহলে সোমবার থেকে শুক্রবার পর্যন্ত সকাল 9 টা থেকে সন্ধ্যা 6 টার মধ্যে 1-800-354-0365 নম্বরে ActionNYC হটলাইনে কল করুন এবং বলুন “public charge” (পাবলিক চার্জ)।

সহযোগী সংস্থানসমূহের মধ্যে রয়েছে: BronxWorks, CUNY এবং Korean Community Services-এর সাথে অংশীদারিত্বের ভিত্তিতে Chinese-American Planning Council (CPC)।

কন্ট্যাক্ট ট্রেসিং এর মাধ্যমে NYC Test & Trace Corps যেসব তথ্য পায় সেগুলো গোপনীয় এবং নিউ ইয়র্ক সিটি হেলথ কোডের অধীনে সুরক্ষিত। Corps-এর ডাটাবেজ কোন আইন প্রয়োগকারী সংস্থার ডাটাবেজের সাথে সংযুক্ত করা হবে না। NYC Test & Trace Corps আমাদের পাওয়া যে কোনও তথ্য নিরাপদে সংরক্ষণ করবে এবং শুধুমাত্র অনুমোদিত কর্মীরা জনস্বাস্থ্য রক্ষার সীমিত উদ্দেশ্যে এটি ব্যবহার করবে।

আরো তথ্যের জন্য, testandtrace.nyc ওয়েবসাইট দেখুন

NYC
HEALTH+
HOSPITALS

Test & Trace
Corps